গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।
www.dss.fulchari.gaibandha.gov.bd

স্মারক নম্বর-৪১.০১.৩২২১.০০০.১৬.০৩৪.২২.১৪১ তারিখঃ ১৩/০৭/২০২২খ্রিঃ

## সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা উপজেলা সমাজকল্যাণ সম্পার্কিত স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৫-০৭-২০২২ খ্রিঃ তারিখে বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোছাঃ আঞ্জু মনোয়ারা বেগম মেরী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যঃ
০১। পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন।
০২। সামাজিক নিরাপত্ত কর্মসূচি সম্পর্কিত আলোচনা।
০৩। বিবিধ।

(রাজীব আহম্মেদ)
উপজেলা সমজসেবা অফিসার
ফুলছড়ি, গাইবান্ধা।

জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
০১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০২। চেয়ারম্যান ১নং কঞ্চিপাড়া ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৩। চেয়ারম্যান ৫নং ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা।

## উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার তারিখ ঃ ১৫/০৭/২০২২ খ্রিঃ।
সময় ঃ ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ফুলছড়ি।
সভাপতি ঃ জনাব মোছাঃ আঞ্জু মনোয়ারা বেগম মেরী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
উপস্থিত সদস্য বৃন্দের নাম পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতিত্ব সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী মোতাবেক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

আলোচ্য সূচী ঃ
১। পূর্ব সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ।
২। সামাজিক নিরাপত্তা কর্মসূচি সম্পর্কিত আলোচনা।

আলোচনা ১ঃ- সভার ১নং আলোচ্য সূচী বিষয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা মহোদয় সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় গত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন / সংযোজন / বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।

আলোচনা ২ঃ- সভার ২ নং আলোচ্য সূচী বিষয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা বলেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় উপজেলা সমাজসেবা অধিদফতর নিয়মিত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর বয়স্ক/বিশেষ বয়স্ক ভাতা, হিজড়া ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ও হিজড়া শিক্ষা উপবৃত্তি কার্যক্রম পরিচালনা করে আসছে এবং ২০২০-২০২১ অর্থ বছর হতে ভাতাভোগীর দোরগোড়ায় সেবার মান পৌছিয়ে দেয়ার জন্য জিটুপি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদান কার্যক্রম চালু করেছে। এতে করে বয়স্ক, দুঃস্থ অসহায় প্রতিবন্ধী ব্যক্তিদের ভোগান্তি কমেছে এবং সময়মতো ভাতার অর্থ পেয়ে তারা সন্তষ্টি প্রকাশ করছে। এছাড়া সমাজের সর্বস্তরের জনগোষ্টির কল্যাণ ও জীবনমান উন্নয়নের জন্য প্রান্তিক জনগোষ্টির জরিপ কার্যক্রম চলমান রয়েছে। সমাজের দরিদ্র জনগোষ্টির কল্যাণে সুদ মুক্ত ঋণ কার্যক্রম ও প্রতিবন্ধী ও দগ্ধ ব্যক্তিদের জীবনমান উন্নয়নের জন্য সুদ মুক্ত ঋণ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে বলেন যে, সমাজের অসহায় ব্যক্তিগন যাতে এই সুযোগ সুবিধাগুলো পেতে পারে সে বিষয়ে সবাইকে সজাগ দৃষ্টি দিতে হবে।

সিদ্ধান্ত ঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিভিন্ন কার্যক্রম ও জনগণের কল্যাণের জন্য যে সকল কার্যক্রম চলমান রয়েছে তার সঠিক সুবিধাভোগী নির্বাচন ও ভাতাভোগীগণ যাতে সহজে ভাতা পেতে পারে তার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
(মোছাঃ আঞ্জুমনোয়ারা বেগম মেরী)
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি
ও
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান,
ফুলছড়ি, গাইবান্ধা ।

স্মারক নম্বর-৪১.০১.৩২২১.০০০.১৬.০৩৪.২২. তারিখঃ ১৫-০৭-২০২৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ
০১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০২। চেয়ারম্যান ১নং কঞ্চিপাড়া ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৩। চেয়ারম্যান ৫নং ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
০৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা।

(স্বাক্ষরিত)
(রাজীব আহম্মেদ )
উপজেলা সমজসেবা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষরঃ

তারিখঃ ১৫-০৭-২০২২খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০ মিনিটে

| ক্রঃ নং | উপস্থিত সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা। | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান ১নং কঞ্চিপাড়া ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান ৫নং ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য | |
| ০৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য | |
| ০৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য সচিব | |